

# ভর্তি নীতিতে পরিবর্তন

## পরিবারের জন্য তথ্য

## কেন সরকারি শিক্ষা বেছে নিবেন?

NSW সরকারি শিক্ষা ব্যবস্থা সকল শিক্ষার্থীকে বিশ্বমানের শিক্ষা প্রদান করে, আজকের শিশুদের সফল হতে এবং আগামীকালের জন্য আরও ভাল সম্প্রদায় গড়ে তুলতে প্রস্তুত করে। বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, গণিত, কলা, খেলাধুলা এবং এর বাইরেও সামগ্রিক, উচ্চমানের শিক্ষাগত ব্যবস্থাগুলোর পাশাপাশি অতুলনীয় সহ-পাঠ্যক্রমিক সম্ভাবনাগুলোর সাথে, আমাদের বৈচিত্র্যময় এবং অন্তর্ভুক্তিমূলক সরকারি স্কুলগুলো প্রতিটি শিক্ষার্থীকে তাদের সম্পূর্ণ সম্ভাবনায় পৌঁছাতে সহায়তা করে।

## ভর্তির নীতি কি?

ভর্তি নীতি স্কুলগুলোকে শিক্ষা আইন (Education Act 1990) এর অধীনে তাদের বাধ্যবাধকতা সমূহ পূরণ করতে সহায়তা করে, যা নিশ্চিত করে যে সকল শিক্ষার্থী তাদের স্থানীয় সরকারি স্কুলে প্রবেশ করতে পারে। নীতিটি NSW-এর সরকারি স্কুলগুলোতে কীভাবে ভর্তি প্রক্রিয়া পরিচালনা করা হয় সে সম্পর্কে স্কুলের কর্মীদের এবং সম্প্রদায়কে স্পষ্ট তথ্য প্রদান করে।

## নীতি পরিবর্তন হচ্ছে কেন?

NSW শিক্ষা বিভাগ বর্তমান ভর্তি নীতি সম্পর্কে শিক্ষা বিষয়ক অংশীদার, বিভিন্ন কমিউনিটি দল এবং স্কুল নেতৃত্ব দলের সাথে কথা বলেছে। NSW-এর সরকারি স্কুলে ভর্তির চেষ্টা করার সময় পরিবারগুলো যে সমস্যার সম্মুখীন হয় তা মোকাবেলার প্রয়োজনীয়তার উপর জোর দেওয়ার ব্যাপারে আমরা উল্লেখযোগ্য প্রতিক্রিয়া পেয়েছি। সংশোধিত ভর্তি নীতি এই প্রতিবন্ধকতাগুলোর উপর নজর দিয়েছে এবং একটি সমান এবং প্রবেশযোগ্য সরকারি স্কুল ব্যবস্থা তৈরি এবং বজায় রাখার জন্য শিক্ষা বিভাগের প্রতিশ্রুতির সাথে সামঞ্জস্যপূর্ণ।

## পরিবর্তনগুলো কী কী?

নিম্নলিখিত পরিবর্তনগুলো টার্ম ১, 2025 এ শুরু হওয়া সকল ভর্তির উপর প্রযোজ্য হবে।

### অস্থায়ী বাসিন্দা

অস্থায়ী আবাসিক ভিসায় থাকা সকল শিক্ষার্থী এখন তাদের আবাসিক ঠিকানার উপর ভিত্তি করে তাদের স্থানীয় স্কুলে ভর্তি হতে পারবে।

আঞ্চলিক এলাকায় থাকার জন্য যেসব পরিবারের টেম্পোরারি স্কিলস শর্টেস ভিসা (সাবক্লাস 482) রয়েছে, অর্থাৎ যারা বৃহত্তর সিডনি ও ওলংগংয়ের বাইরে থাকেন তাদের জন্য ভর্তি ফি মওকুফ করা হবে।

### অ-স্থানীয়দের ভর্তির জন্য হালনাগাদ মানদণ্ড

NSW-এর সরকারি স্কুলগুলোর নির্দিষ্ট স্থানীয় ভর্তির এলাকা রয়েছে। শিক্ষা বিভাগ কোন জায়াগা থেকে শিক্ষার্থী গ্রহণ করবে সেই এলাকা নির্ধারণ করে। এই স্কুলগুলো নিশ্চিত করে যে তাদের স্থানীয় ভর্তি এলাকায় বসবাসকারী শিক্ষার্থীদের জন্য পর্যাপ্ত জায়গা রয়েছে। যদি স্থান থাকে, আপনি আপনার সন্তানকে আপনার নির্ধারিত এলাকার বাইরের স্কুলে একটি 'অ-স্থানীয় ভর্তি' হিসাবে ভর্তি করার জন্য আবেদন করতে পারেন।

হালনাগাদ করা মানদণ্ড বর্তমানে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ভাইবোনদের জন্য অ-স্থানীয় ভর্তিকে অগ্রাধিকার দেয়, যোগ্যতা অর্জনকারী মূলধারার স্কুলের সহায়তা ক্লাসে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ভাইবোনদের অগ্রাধিকার দেওয়া হয়।

হালনাগাদ হওয়া মানদণ্ডের অধীনে, স্কুলগুলো এখন স্কুল কর্মীদের বাচ্চাদের জন্য অ-স্থানীয় ভর্তির বিষয়টিও এখন বিবেচনা করতে পারে।

# প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## এই পরিবর্তনগুলো কি আমার সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য?

NSW-এর সরকারি স্কুলগুলোতে ভর্তির জন্য পরিবর্তনগুলো আপনার সাথে সম্পর্কিত হবে যদি:

- আপনার সন্তান স্কুল-বয়সী হয় এবং একটি অস্থায়ী আবাসিক ভিসায় থাকে, অথবা
- আপনার সন্তান স্কুল-বয়সী হয় এবং বর্তমানে তার একটি ভাইবোন একটি ভিন্ন NSW-এর সরকারি স্কুলে ভর্তি হয়েছে এবং আপনি চান যে তারা একই স্কুলে পড়ুক। স্কুল আপনার সন্তানকে ভর্তি করাতে পারবে কিনা তা নির্ভর করে আপনার সন্তানের ভর্তি বিষয়ক যোগ্যতা এবং উপযুক্ত মানদণ্ড পূরনের উপর।
- আপনি আপনার সন্তানের ভর্তির জন্য নির্ধারিত এলাকার বাইরে একটি NSW-এর সরকারি স্কুলের একজন কর্মী সদস্য। স্কুল আপনার সন্তানকে ভর্তি করাতে পারবে কিনা তা নির্ভর করে আপনার সন্তানের ভর্তি বিষয়ক  যোগ্যতা এবং উপযুক্ত মানদণ্ড পূরনের উপর।

## প্রতিটি স্কুলের জন্য কি এই পরিবর্তনগুলো প্রযোজ্য হবে?

সকল স্কুলকে অস্থায়ী আবাসিক ভিসার শিক্ষার্থীদের জন্য এই পরিবর্তনগুলো প্রয়োগ করতে হবে।

স্কুলের ক্ষমতার উপর নির্ভর করে বেশিরভাগ স্কুল, 2025-এর টার্ম ১-এ ভর্তিচ্ছু অ-স্থানীয় শিক্ষার্থীদের জন্য এই পরিবর্তনগুলো প্রয়োগ করবে।

অস্থায়ী আবাসিক শিক্ষার্থী এবং অ-স্থানীয় শিক্ষার্থীদের জন্য ভর্তি নীতি পরিবর্তনগুলো বিশেষ আয়োজন বা কার্যক্রমগুলোর জন্য যোগ্যতার প্রয়োজনীয়তাকে প্রভাবিত করবে না। সম্পূর্ণ সিলেক্টিভ স্কুল, নির্দিষ্ট উদ্দেশ্যের স্কুল, (schools for specific purposes (SSPs)), দূর শিক্ষা স্কুল এবং নির্দিষ্ট যোগ্যতার প্রয়োজনীয়তা সহ ক্লাস বা কার্যক্রম সহ স্কুলগুলো (উদাহরণস্বরূপ, অপর্চুনিটি ক্লাস, বিশেষজ্ঞ ক্রীড়া এবং/অথবা ভিজ্যুয়াল আর্টস স্ট্রিম) তাদের বর্তমান ভর্তি প্রক্রিয়া অনুসরণ করতে থাকবে।

একক লিঙ্গের স্কুলগুলোকে অবশ্যই পরিবর্তনগুলো প্রয়োগ করতে হবে যতক্ষণ না ভর্তিচ্ছু শিশু সেই লিঙ্গের জন্য স্কুলের যোগ্যতার প্রয়োজনীয়তা পূরণ করে। এই পরিবর্তনগুলো কীভাবে প্রযোজ্য হবে তা জানতে প্রাসঙ্গিক স্কুলের সাথে যোগাযোগ করুন।

## যদি আমার সন্তান বর্তমানে ভর্তি হওয়া শিক্ষার্থীর ভাইবোন হয় তবে অ-স্থানীয় ভর্তির জন্য তাদের আবেদন কি স্বয়ংক্রিয়ভাবে গৃহীত হবে?

এই পরিবর্তনগুলো আপনার সন্তানের তাদের ভাইবোনের মতো একই অ-স্থানীয় সরকারি স্কুলে ভর্তির নিশ্চয়তা দেয় না। স্কুলগুলো যেখানে সম্ভব সেখানে বর্তমানে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ভাইবোনদের জন্য অ-স্থানীয় ভর্তিকে অগ্রাধিকার দেবে, তবে তাদের আবেদনের গ্রহণযোগ্যতা স্কুলের ধারণক্ষমতার উপর নির্ভর করতে পারে। আরও তথ্যের জন্য সংশ্লিষ্ট স্কুলের সাথে যোগাযোগ করুন।

## এর অর্থ কি এখন থেকে কেবল ভাইবোনদের অ-স্থানীয় ভর্তি হিসাবে গ্রহণ করা হবে?

না, আপনি এখনও আপনার সন্তানকে যে কোনও সরকারি স্কুলে ভর্তির জন্য আবেদন করতে পারেন যদি শিশুটি স্কুলে যোগদানের যোগ্য হয় এবং স্কুলে জায়গা থাকে। স্কুলগুলোকে এখন অবশ্যই হালনাগাদ অ-স্থানীয় ভর্তির মানদণ্ডের (শিক্ষার্থীদের সুস্থতার প্রয়োজনীয়তার মানদণ্ড সহ) উপর ভিত্তি করে আবেদনগুলোকে অগ্রাধিকার দিতে হবে এবং বিবেচনা করতে হবে, যা বর্তমানে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ভাইবোনদের অগ্রাধিকার দেয় এবং স্কুল কর্মীদের বাচ্চাদের বিবেচনা করে।

## স্কুল কর্মীদের বাচ্চাদের জন্য অ-স্থানীয় ভর্তি স্বয়ংক্রিয়ভাবে গৃহীত হবে কি?

না। স্কুলগুলো বর্তমানে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ভাইবোনদের জন্য অ-স্থানীয় আবেদনগুলোকে অগ্রাধিকার দেবে এবং তারপরে স্কুল কর্মীদের বাচ্চাদের জন্য অ-স্থানীয় ভর্তি বিবেচনা করতে পারে। আপনি যদি একজন স্কুল কর্মী সদস্য হন তবে আপনার সন্তানের গ্রহণযোগ্যতা স্কুলের ধারণক্ষমতার উপর নির্ভর করতে পারে। হালনাগাদ হওয়া অ-স্থানীয় ভর্তির মানদণ্ড আপনার সন্তানের স্থানীয় স্কুলে ভর্তির অধিকারকে প্রভাবিত করবে না।

# অস্থায়ী আবাসিক ভিসার শিক্ষার্থীদের ভর্তি

**আমার সন্তান অস্থায়ী আবাসিক ভিসায় আছে। আমি এর আগে তাদের স্থানীয় স্কুলে ভর্তির জন্য আবেদন করেছিলাম কিন্তু আবেদন প্রত্যাখ্যান করা হয়েছিল। আমি কি আমার সন্তানের ভর্তির আবেদন আবার জমা দিতে পারি?**

আপনার সন্তান যদি অস্থায়ী আবাসিক ভিসায় থাকে এবং আপনার স্থানীয় স্কুলে তাদের পূর্ববর্তী আবেদন প্রত্যাখ্যান করা হয় তবে আপনি ভর্তির আবেদনটি পুনরায় জমা দিতে পারেন। অনুগ্রহ করে নীচের বিভাগে বর্ণিত পদক্ষেপগুলো অনুসরণ করুন "আমি যেখানে আমার সন্তানকে 2025-এর জন্য ভর্তি করেছি সেখানে আমি কীভাবে পরিবর্তন করব?"

**আমার সন্তান একটি অস্থায়ী আবাসিক ভিসায় রয়েছে এবং আমি ইতিমধ্যে 2025 সালের জন্য আমার সন্তানকে একটি স্কুলে ভর্তি করেছি। আমি কি আমার সন্তানকে যেখানে ভর্তি করেছি তা পরিবর্তন করতে পারি?**

যদি আপনার সন্তান একটি অস্থায়ী আবাসিক ভিসায় থাকে এবং ইতিমধ্যে 2025-এর জন্য একটি স্কুলে ভর্তি হয়ে থাকে, তাহলে আপনি বর্তমানে যেখানে আপনার সন্তান ভর্তি রয়েছে সেখানে পরিবর্তন করার জন্য আবেদন করতে পারেন। অনুগ্রহ করে নীচের বিভাগে বর্ণিত পদক্ষেপগুলো অনুসরণ করুন "আমি যেখানে আমার সন্তানকে 2025-এর জন্য ভর্তি করেছি সেখানে আমি কীভাবে পরিবর্তন করব?"

**আমি 2025-এর জন্য আমার সন্তানকে যেখানে ভর্তি করেছি সেখানে আমি কীভাবে পরিবর্তন করব?**

অস্থায়ী আবাসিক ভিসায় থাকা শিক্ষার্থীদের পিতামাতা বা যত্নদানকারীদের তাদের স্থানীয় স্কুলে ভর্তি পরিবর্তন করতে এই পদক্ষেপগুলো অনুসরণ করতে হবে:

1. আপনার সন্তানের জন্য স্কুল পরিবর্তনের অনুরোধ করতে 1300 300 229 (পছন্দ ১) নাম্বারে ফোন করে বা tempvisa@det.nsw.edu.au -এ ইমেইলের মাধ্যমে অস্থায়ী বাসিন্দা কার্যক্রম দলের সাথে যোগাযোগ করুন। আপনার সন্তানের জন্য স্কুল স্থানান্তর সম্পূর্ণ হয়ে গেলে আপনাকে অস্থায়ী বাসিন্দা কার্যক্রম দল অবহিত করবে।
2. আপনার শিশুকে ভর্তি করতে আপনার স্থানীয় স্কুলের সাথে যোগাযোগ করুন। স্কুল আপনাকে একটি কাগজের আবেদন ফর্ম সরবরাহ করবে যা আপনাকে ভর্তির জন্য সম্পূর্ণ করতে হবে। education.nsw.gov.au/find-a-public-school এ আপনার স্থানীয় স্কুলের সাথে যোগাযোগের বিস্তারিত সন্ধান করুন

**আমার সন্তান 482 ভিসা ব্যতীত অন্য ভিসায় একজন অস্থায়ী বাসিন্দা। আমাকে কি ভর্তি ফি দিতে হবে?**

সরকারি স্কুলে ভর্তির জন্য অস্থায়ী আবাসিক আবেদন ফি এবং টিউশন ফি সাধারণত শিক্ষার্থীর ভিসা সাবক্লাস ব্যবহার করে হিসাব করা  হয়। আপনার ভিসা সাবক্লাসের জন্য প্রযোজ্য ফি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য, অনুগ্রহ করে DE International ওয়েবসাইট: deinternational.nsw.edu.au/study-options/study-programs/temporary-residents দেখুন। কোনও ফি মওকুফ আপনার ক্ষেত্রে প্রযোজ্য কিনা তা আপনি যদি এখনও নিশ্চিত না হন তবে আপনি tempvisa@det.nsw.edu.au-এ অস্থায়ী বাসিন্দা কার্যক্রম দলের সাথে যোগাযোগ করতে পারেন

## অ-স্থানীয় ভাইবোনদের ভর্তি

**আমি আমার সন্তানকে তাদের ভাইবোনদের স্কুলে ভর্তি করার জন্য আবেদন করেছিলাম কিন্তু তাদের আবেদন প্রত্যাখ্যান করা হয়েছিল। আমি কি আমার সন্তানের ভর্তির আবেদন আবার জমা দিতে পারি?**

আপনি যদি আপনার সন্তানকে তাদের ভাইবোনের অ-স্থানীয় স্কুলে ভর্তির জন্য আবেদন করে থাকেন এবং আবেদনটি প্রত্যাখ্যান করা হয়, তবে পুনরায় জমা দেওয়ার জন্য অনুগ্রহ করে নীচের বিভাগে বর্ণিত পদক্ষেপগুলো অনুসরণ করুন "আমি যেখানে আমার সন্তানকে 2025-এর জন্য ভর্তি করেছি সেখানে আমি কীভাবে পরিবর্তন করব?"

**আমি আমার সন্তানকে 2025 সালের জন্য একটি স্কুলে ভর্তি করেছি, তবে তাদের ভাইবোন একটি ভিন্ন অ-স্থানীয় স্কুলে ভর্তি হয়েছে। আমার সন্তান যেখানে ভর্তি হয়েছে সেখানে পরিবর্তন করতে আমি কি আবেদন করতে পারি?**

আপনার সন্তানকে 2025 সালের জন্য যে স্কুলে ভর্তি করিয়েছেন সেখান থেকে আপনি যদি তাকে তার ভাইবোনদের অ-স্থানীয় স্কুলে পরিবর্তন করতে চান, অনুগ্রহ করে নীচের বিভাগে বর্ণিত পদক্ষেপগুলো অনুসরণ করুন "আমি 2025 সালের জন্য আমার সন্তানকে যেখানে ভর্তি করেছি সেখানে আমি কীভাবে পরিবর্তন করব?”

**আমি 2025 সালের জন্য আমার সন্তানকে যেখানে ভর্তি করেছি সেখানে আমি কীভাবে পরিবর্তন করব?**

পিতামাতা বা যত্নদানকারী যারা তাদের সন্তানকে তার ভাইবোনের সাথে একই অ-স্থানীয় স্কুলে ভর্তি করতে চান তাদের তালিকাভুক্তি পরিবর্তন করতে এই পদক্ষেপগুলো অনুসরণ করতে হবে:

### অনলাইনে ভর্তির আবেদন

1. আপনি যে স্কুলে ভর্তির জন্য আবেদন করতে চান সেই স্কুলের ওয়েবসাইট দেখুন, তারপরে মেনু অপশনে গিয়ে এনরোলমেন্ট-এ ক্লিক করুন।
2. এনরোলমেন্ট ওয়েবপেজে, হাউ টু এনরোল শিরোনামের অধীনে অনলাইন এনরোলমেন্ট আবেদনের লিঙ্কে ক্লিক করুন।
3. যখন আপনি ভর্তির জন্য আপনার আবেদনপত্র জমা দেওয়া সম্পূর্ণ করবেন, স্কুল আপনাকে একটি প্রস্তাব দিতে পারে যা আপনাকে 14 দিনের মধ্যে গ্রহণ করতে হবে।
4. যদি আপনার আবেদন গৃহীত হয়, তবে আপনার সন্তান আগে 2025 সালের জন্য যে স্কুলে ভর্তি হয়েছিল সেই ভর্তি প্রত্যাহারের জন্য সেখানে যোগাযোগ করুন।

### কাগজের ফর্মে আবেদন

1. আপনার সন্তানকে ভর্তি করাতে পারবে কিনা তা জানতে আপনার সন্তানের ভাইবোন যে স্কুলে পড়ে তাদের সাথে যোগাযোগ করুন।
2. যদি স্কুল আপনার সন্তানের ভর্তির ব্যবস্থা করতে পারে তবে একটি নতুন কাগজের আবেদন ফর্ম পূরণ করুন, যা স্কুল সরবরাহ করতে পারে।
3. যখন আপনি ভর্তির জন্য আপনার আবেদনপত্র জমা দেওয়া সম্পূর্ণ করবেন, স্কুল আপনাকে একটি প্রস্তাব দিতে পারে যা আপনাকে 14 দিনের মধ্যে গ্রহণ করতে হবে।
4. যদি আপনার আবেদন গৃহীত হয়, তবে আপনার সন্তান আগে 2025 সালের জন্য যে স্কুলে ভর্তি হয়েছিল সেই ভর্তি প্রত্যাহারের জন্য সেখানে যোগাযোগ করুন।

**আমি 2025 সালে ইয়ার ৬ থেকে ইয়ার ৭-এ স্থানান্তরের জন্য আগ্রহের অভিব্যক্তি (Expression of Interest (EOI)) জমা দিয়েছি। আমি কি আমার সন্তানকে যেখানে ভর্তি করিয়েছি তা পরিবর্তন করতে পারি?**

ইয়ার ৬ থেকে ইয়ার ৭-এ স্থানান্তরের জন্য EOI বন্ধ হয়ে গেছে এবং তাই পিতামাতা এবং যত্নদানকারীরা 2025 সালের জন্য তাদের স্কুল পছন্দের তালিকায় আর পরিবর্তন করতে পারবেন না।

আপনার সন্তানকে 2025 সালের জন্য যে স্কুলে ভর্তি করিয়েছেন সেখান থেকে আপনি যদি তাকে তার ভাইবোনদের অ-স্থানীয় স্কুলে পরিবর্তন করতে চান, আপনার নিম্নলিখিত পদক্ষেপগুলো অনুসরণ করা উচিত:

### অনলাইনে ভর্তির আবেদন

1. আপনি যে স্কুলে ভর্তির জন্য আবেদন করতে চান সেই স্কুলের ওয়েবসাইট দেখুন, তারপরে মেনু অপশনে গিয়ে এনরোলমেন্ট-এ ক্লিক করুন।
2. এনরোলমেন্ট ওয়েবপেজে, হাউ টু এনরোল শিরোনামের অধীনে অনলাইন এনরোলমেন্ট আবেদনের লিঙ্কে ক্লিক করুন।
3. যখন আপনি ভর্তির জন্য আপনার আবেদনপত্র জমা দেওয়া সম্পূর্ণ করবেন, স্কুল আপনাকে একটি প্রস্তাব দিতে পারে যা আপনাকে 14 দিনের মধ্যে গ্রহণ করতে হবে।
4. যদি আপনার আবেদন গৃহীত হয়, তবে আপনার সন্তান আগে 2025 সালের জন্য যে স্কুলে ভর্তি হয়েছিল সেই ভর্তি প্রত্যাহারের জন্য সেখানে যোগাযোগ করুন।

### কাগজের ফর্মে আবেদন

1. আপনার সন্তানকে ভর্তি করাতে পারবে কিনা তা জানতে আপনার সন্তানের ভাইবোন যে স্কুলে পড়ে তাদের সাথে যোগাযোগ করুন। স্কুলের সাথে যোগাযোগের জন্য এখানে সন্ধান করুন: education.nsw.gov.au/find-a-public-school
2. যদি স্কুল আপনার সন্তানের ভর্তির ব্যবস্থা করতে পারে তবে একটি নতুন কাগজের আবেদন ফর্ম পূরণ করুন, যা স্কুল সরবরাহ করতে পারে।
3. যখন আপনি ভর্তির জন্য আপনার আবেদনপত্র জমা দেওয়া সম্পূর্ণ করবেন, স্কুল আপনাকে একটি প্রস্তাব দিতে পারে যা আপনাকে 14 দিনের মধ্যে বা যত তাড়াতাড়ি সম্ভব গ্রহণ করতে হবে।
4. যদি আপনার আবেদন গৃহীত হয় এবং আপনি ইতিমধ্যে আপনার EOI অফারটি গ্রহণ করে থাকেন তবে ভর্তি প্রত্যাহারের জন্য সরাসরি স্কুলের সাথে যোগাযোগ করুন।

## স্কুল কর্মীদের শিশুদের অ-স্থানীয় ভর্তি

**আমি যে স্কুলে কাজ করি সেখানে আমার সন্তানকে ভর্তির জন্য আবেদন করেছিলাম, কিন্তু আবেদন প্রত্যাখ্যান করা হয়েছিল। আমি কি আমার সন্তানের ভর্তির আবেদন আবার জমা দিতে পারি?**

আপনি যে স্কুলে কাজ করেন সেখানে আপনার সন্তানকে ভর্তির জন্য আবেদন করে থাকলে এবং আবেদনটি প্রত্যাখ্যান করা হলে, আপনি পুনরায় জমা দিতে পারেন। এটি করার জন্য, অনুগ্রহ করে উপরের বিভাগে বর্ণিত পদক্ষেপগুলো অনুসরণ করুন "আমি 2025 সালের জন্য আমার সন্তানকে যেখানে ভর্তি করেছি সেখানে আমি কীভাবে পরিবর্তন করব?”।

## আমি কোথায় আরও তথ্য পেতে পারি?

**ভর্তির অনুসন্ধানের জন্য, আপনার পছন্দের স্কুলের সাথে কথা বলুন। আপনার স্কুলের সাথে যোগাযোগের বিস্তারিত পেতে এখানে সন্ধান করুন: education.nsw.gov.au/find-a-public-school**

**NSW সরকারী স্কুলে কীভাবে ভর্তি হবেন সে সম্পর্কে আরও তথ্যের জন্য: education.nsw.gov.au/enrolment**

**অস্থায়ী বাসিন্দা হিসাবে NSW এর সরকারী স্কুলে কীভাবে ভর্তি হবেন সে সম্পর্কে আরও তথ্যের জন্য: https://www.deinternational.nsw.edu.au/**

**সাধারণ ভর্তি অনুসন্ধানের জন্য, শিক্ষা বিভাগের প্রধান কার্যালয়ে যোগাযোগ করুন: 1300 679 332**

**টেলিফোন দোভাষী পরিষেবা**

কোনও স্কুল বা শিক্ষা বিভাগের সাথে যোগাযোগ করতে আপনাকে সহায়তা করার জন্য যদি আপনার একজন দোভাষীর প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে 13 14 50 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবাতে কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য জিজ্ঞাসা করুন । আপনি যে ফোন নম্বরটিতে কল করতে চান তা অপারেটরকে বলুন ও কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোনও মূল্য দিতে হবে না।